Nikon

COOLPIX

# ক্যামেরা ফার্মওয়্যার আপডেট করা

*– Mac –*

একটি Nikon পণ্য চয়ন করার জন্য ধন্যবাদ। এই নির্দেশিকায় এই ফার্মওয়্যার আপডেট করার পদ্ধতির বিষয়ে জানানো হয়েছে। *আপডেট সফলভাবে সম্পাদন করা নিয়ে আপনি যদি নিশ্চিত না হন, সেক্ষেত্রে কোন Nikon পরিষেবা প্রতিনিধি মারফত আপডেট সম্পাদন করতে পারেন।*

**ক্যামেরা পরিচালনার বিভিন্ন তথ্যের বিষয়ে জানতে ক্যামেরা পুস্তিকা দেখুন।**

**গুরুত্বপূর্ণ**

আপডেটের সময় বিদ্যুতের যোগান বিঘ্নিত হলে অথবা ক্যামেরা নিয়ন্ত্রণ ব্যবহার করা হলে ক্যামেরার ক্ষতি হতে পারে। আপডেটের সময়ে ক্যামেরা বন্ধ করবেন না, পাওয়ার সোর্স খুলবেন না অথবা তা সংযোগ বিচ্ছিন্ন করবেন না, অথবা ক্যামেরা নিয়ন্ত্রণ ব্যবহার করবেন না। যদি আপডেট সফলভাবে সম্পন্ন না হয় এবং ক্যামেরাটি পরিচালনা করতে পারা না গেলে, তখন পরীক্ষার জন্য ক্যামেরাটিকে Nikon-অনুমোদিত পরিষেবা প্রতিনিধির কাছে নিয়ে যান।

## 1 প্রস্তুত হন

ক্যামেরা ফার্মওয়্যার আপগ্রেড করতে, আপনার এইগুলির প্রয়োজন হবে:

- ক্যামেরা
- একটি কম্পিউটারের সঙ্গে সংযুক্ত কার্ড রিডার অথবা কার্ড স্লট
- নিম্নলিখিত যে কোনো একটি ক্যামেরা পাওয়ার সোর্স:
  — একটি AC অ্যাডাপ্টার
  — আপডেট সম্পন্ন করার জন্য পর্যাপ্ত চার্জ থাকা ব্যাটারি বা ব্যাটারিগুলি।
- Nikon-অনুমোদিত মেমরি কার্ড যা ক্যামেরাতে ফরম্যাট করা হয়েছে (মনে রাখবেন কার্ড যখন ফরম্যাট করা হবে তখন মেমরিতে সব ডেটা বিলোপ হবে; কার্ড ফরম্যাটিং করার আগে, আপনি যদি কম্পিউটার অথবা অন্য ডিভাইসে ডেটার ব্যাক আপ রাখতে চান তাহলে রাখতে পারেন)
- ক্যামেরার *ব্যবহারকারীর পুস্তিকা*

## 2 সাম্প্রতিক ক্যামেরা ফার্মওয়্যার ভার্সান দেখুন

আপনার ক্যামেরাতে প্রদর্শিত মেনুগুলি এখানে প্রদর্শিত মেনুগুলি থেকে আলাদা হতে পারে।

1 ক্যামেরা চালু করুন।

2 মেনুগুলি প্রদর্শন করতে MENU টিপুন।

3 সেট আপ মেনুর মধ্যে **ফার্মওয়্যার ভার্সান** নির্বাচন করুন।




4 বর্তমান ফার্মওয়্যার ভার্সান প্রদর্শিত হবে। এই আপডেটটির জন্য ফার্মওয়্যার ভার্সানটি সঠিক ভার্সান তা নিশ্চিত করুন।




ক্যামেরার নাম হল “XXXX” এবং ফার্মওয়্যার ভার্সান হল “**”।

5 সেট আপ মেনু থেকে প্রস্থান করুন এবং ক্যামেরা বন্ধ করুন।

## 3 ডাউনলোড করুন এবং নতুন ফার্মওয়্যারটি বার করুন

ক্যামেরার নাম “XXXX” এবং ফার্মওয়্যার ভার্সান “**” বিশিষ্ট “F-XXXX-V**M.dmg” ফাইল ডাউনলোড করতে ডাউনলোড সাইটে গিয়ে এন্ড ইউজার লাইসেন্স এগ্রিমেন্ট পড়ার পরে **একমত** নির্বাচন করুন ও **ডাউনলোড** ক্লিক করুন। ডাউনলোড সম্পন্ন হবার পরে, নীচে তালিকাভুক্ত ফাইল ও ফোল্ডারগুলি বিশিষ্ট একটি ডিস্ক ছবি ডেস্কটপে দেখা যাবে:



## 4 মেমরি কার্ডে ফার্মওয়্যারের অনুলিপি করুন

কোন কম্পিউটারের সঙ্গে সংযুক্ত একটি কার্ড রিডার অথবা কার্ড স্লট ব্যবহার করে ক্যামেরা মেমরি কার্ড থেকে ফার্মওয়্যারের অনুলিপি করা যেতে পারে।

**1** কার্ড রিডার অথবা কার্ড স্লটের মধ্যে ফরম্যাট করা একটি মেমরি কার্ড ঢোকান। Nikon Transfer 2 এর মত অ্যাপ্লিকেশন যদি স্বয়ংক্রিয়ভাবে আরম্ভ হয়, সেক্ষেত্রে প্রক্রিয়া করার আগে অ্যাপ্লিকেশন থেকে প্রস্থান করুন।

**2** ডেস্কটপে একটি নামবিহীন ভলিউম (“NO_NAME”) দেখা যাবে। ডিস্ক ছবি থেকে “firmware” ফোল্ডার এই নামবিহীন ভলিউমে অনুলিপি করুন।




অনুলিপি করা সম্পন্ন হয়ে গেলে, নামবিহীন ভলিউমে “firmware” ফোল্ডার খুলুন এবং এতে যে “firmware.bin” ফাইল রয়েছে তা নিশ্চিত করুন।

**গুরুত্বপূর্ণ**

মেমরি কার্ডের রুট ডিরেক্টরিতে “firmware” ফোল্ডার অনুলিপি করা নিশ্চিত করুন। রুট ডিরেক্টরির ভিতরে কোন ফোল্ডারের মধ্যে যদি ক্যামেরাকে রাখা হয় সেক্ষেত্রে ক্যামেরা নতুন ফার্মওয়্যারকে সনাক্ত করতে পারবে না।

**3** নামবিহীন ভলিউমকে ট্র্যাশের মধ্যে টেনে আনুন এবং কার্ড রিডার অথবা কার্ড স্লট থেকে মেমরি কার্ডটি খুলুন।

# 5 ক্যামেরা ফার্মওয়্যার আপডেট করুন

আপনার ক্যামেরাতে প্রদর্শিত মেনুগুলি এখানে প্রদর্শিত মেনুগুলি থেকে আলাদা হতে পারে।

আপডেটের সময়ে, এগুলি করবেন না:

- মেমরি কার্ড খুলবেন না
- ক্যামেরা বন্ধ করে দিন
- AC অ্যাডাপ্টারকে প্লাগ থেকে খুলবেন না অথবা এর সংযোগ বিচ্ছিন্ন করবেন না
- ব্যাটারি খুলবেন না
- ক্যামেরা তীব্র তড়িৎচুম্বকীয় আবহে নিয়ে আসবেন না

উপরের যে কোন একটি ক্রিয়ার ফলে ক্যামেরা চালনার অযোগ্য হতে পারে।

**1** ক্যামেরার মেমরি কার্ড স্লটের মধ্যে থাকা ফার্মওয়্যারে মেমরি কার্ডটি ঢোকান।

**2** ক্যামেরা চালু করুন।

**3** মেনুগুলি প্রদর্শন করতে (MENU) টিপুন।

**4** সেট আপ মেনুর মধ্যে **ফার্মওয়্যার ভার্সান** নির্বাচন করুন।




**5** একটি ফার্মওয়্যার আপডেট কথোপকথন প্রদর্শিত হবে। আপডেট শুরু করতে **হ্যাঁ** নির্বাচন করুন।




আপডেট হওয়ার কাজ চলার সময়ে ডান দিকে প্রদর্শিত বার্তা দেখানো হবে।



আপডেট সম্পন্ন হয়ে গেলে ডান দিকে প্রদর্শিত বার্তা দেখানো হবে।




## 6 আপডেট সফলভাবে সম্পন্ন হয়েছে তা নিশ্চিত করুন।

6-1. ক্যামেরা বন্ধ করুন এবং মেমরি কার্ড খুলুন।

6-2. ধাপ 2 এর মধ্যে বর্ণিত ক্যামেরা ফার্মওয়্যার ভার্সান চেক করুন, “বর্তমান ক্যামেরা ফার্মওয়্যার ভার্সান চেক করুন”।

6-3. আপডেট করা ভার্সানটি প্রদর্শিত হলে, আপডেট সফল হবে।




ক্যামেরার নাম হল “XXXX” এবং ফার্মওয়্যার ভার্সান হল “**”।

আপডেট সফল না হলে, কোন Nikon পরিষেবা প্রতিনিধির সঙ্গে যোগাযোগ করুন।

## 7 ক্যামেরাতে মেমরি কার্ড ফরম্যাট করুন।

এটি ফার্মওয়্যার আপডেট সম্পন্ন করবে।